

কামিল (মাস্টার্স) পরীক্ষা কাল থেকে শুরু

নিজস্ব প্রতিবেদক



ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসাগুলোর এক বছর মেয়াদি কামিল (মাস্টার্স) ২০২৩ সালের পরীক্ষা শুরু হচ্ছে। দেশের মোট ৪৯টি কেন্দ্রে আগামীকাল রবিবার (২৪ আগস্ট) থেকে শুরু হয়ে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। শনিবার (২৩ আগস্ট) এক সংবাদবিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসাগুলোর এক বছর মেয়াদি কামিল (মাস্টার্স) ২০২৩ সেশনের পরীক্ষা আগামীকাল রবিবার শুরু হবে।

দেশের মোট ৪৯টি কেন্দ্রে এই পরীক্ষা চলবে। পরীক্ষা ২৪ আগস্ট শুরু হয়ে আগামী ১৪ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টায় শুরু হয়ে দুপুর ২টা পর্যন্ত চলবে।

এ বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী জানান, পরীক্ষাকেন্দ্রের
উপযুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে।
এবারের পরীক্ষায় সারা দেশের মোট ৪৯টি কেন্দ্রে ছয়টি বিষয়ে
এক বছর মেয়াদি (মাস্টার্স) পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

তিনি জানান, ছয়টি বিষয় হলো—আল কোরআন অ্যান্ড ইসলামিক
স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ অ্যান্ড
ইসলামিক স্টাডিজ, আল ফিকাহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আরবি
ভাষা ও সাহিত্য, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে।